বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৪২.০০১.১৭.৩৩১

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **চলমান বর্ষা মৌসুমে কাজের গুণগতমান বজায় রাখার জন্য পজিশনিং ডাম্পিং কাজ বন্ধ রাখা প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলমান বর্ষা মৌসুমে প্রধান প্রধান নদীসমূহে পানি সমতল ও স্রোত বৃদ্ধি পাচ্ছে। এহেন অবস্থায় মাঠপর্যায়ের অনেক দপ্তর হতে এডিপিভূক্ত প্রকল্পে নিয়মিত পজিশনিং ডাম্পিং কাজ অব্যহত রাখার জন্য প্রস্তাবনা প্রেরণ করা হচ্ছে। প্রধান প্রধান নদীসমূহে পানি বৃদ্ধির ফলে অনুমোদিত নকশা ও নকশার স্পেসিফিকেশন অনুসারে সিসি ব্লক/জিওব্যাগ ডাম্পিং কাজ নকশা ও নকশার স্পেসিফিকেশন মোতাবেক বাস্তবায়ন করা খুবই দুরুহ। ডাম্পিং কাজ নির্দিষ্ট নিয়মানুসরে অনুমোদিত নকশার স্পেসিফিকেশন অনুযায়ী বাস্তবায়ন করা সম্ভবপর না হলে ডাম্পিংকৃত জিওব্যাগসমূহ এ্যাপ্রোনের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট লেয়ারে ডাম্পিং হয় না, ফলশ্রুতিতে ডাম্পিংকৃত ম্যাটেরিয়ালসমূহের অপচয় হয় এবং বাস্তবায়িত কাজটি ক্ষতিগ্রস্থ হওয়ার ঝুঁকি থেকে যায়। যাহা বাপাউবো এর দীর্ঘদিনের ভাবমূর্তি ক্ষুন্ন করবে। এ ধরনের পরিস্থিতি এড়ানোর জন্য বর্তমান বর্ষা মৌসুমে প্রধান প্রধান নদীতে পজিশনিং ডাম্পিং কাজ অব্যহত রাখাকে নিরুৎসাহিত করা হলো।

এখানে উল্লেখ্য যে, বিশেষ ক্ষেত্রে যেমন চলমান কাজের ব্যাপক ভাঙ্গানের ফলে অনুমোদিত নকশার ব্যাংক লাইন ক্ষতিগ্রস্থ হওয়া এবং জনগুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ নদীভাঙ্গানের কবল হতে রক্ষার জন্য একান্ত প্রয়োজন হলে সীমিত ক্ষেত্রে স্বল্প সময়ের জন্য ডাম্পিং কাজ চলমান রাখা যেতে পারে। সেক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে ডাম্পিংকৃত ম্যাটেরিয়ালের পরিমাণ ও অবস্থান রেকর্ডপূর্বক (As Built Drawing সহ) সংশ্লিষ্ট নকশা দপ্তরের সহিত আলাপপূর্বক নকশা রিভিউ করাতে হবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

৩০-০৭-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)
০২-২২২২৩০১০০
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো ( মাঠ পর্যায়ের সকল)।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৪২.০০১.১৭.৩৩১/১ (৭)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা;
৫। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং

৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।।

৩০-০৭-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)